

PRINT

# সমকাল

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সাংবাদিক জিনিয়ার বহিস্কারাদেশ প্রত্যাহার

১৪ ঘণ্টা আগে

### বরিশাল ব্যুরো ও গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) আইন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী ও ডেইলি সানের ক্যাম্পাস প্রতিনিধি ফাতেমা-তুজ-জিনিয়ার বহিস্কারাদেশ প্রত্যাহার করে নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বুধবার এ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে জানানো হয়, জিনিয়াকে বিশ্ববিদ্যালয় নিয়ে আপত্তিকর লেখালেখি এবং প্রশাসনকে বিব্রত করার চেষ্টার জন্য সাময়িক বহিস্কার করা হয়। এ পরিপ্রেক্ষিতে আইন বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকরা জিনিয়ার সাময়িক বহিস্কারাদেশ প্রত্যাহারের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন করেন। তা আমলে নিয়ে যে বহিস্কারাদেশ দেওয়া হয়েছিল তা প্রত্যাহার করা হলো। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. নূরউদ্দিন আহমেদও বহিস্কারাদেশ প্রত্যাহারের কথা নিশ্চিত করেছেন।

১১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের এক নোটিশে জিনিয়াকে এক সেমিস্টারের জন্য বহিস্কার করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ঘটনায় দেশের

কয়েকটি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। পাশাপাশি 'বাংলাদেশ ক্যাম্পাস জার্নালিস্টস'

ফেডারেশন বিভিন্ন ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকদের প্রতিবাদ কর্মসূচি পালনের আহ্বান জানায়। এ নিয়ে টানা চার দিনের সমালোচনা ও প্রতিবাদের মুখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জিনিয়ার বহিস্কারাদেশ প্রত্যাহার করে নিল।

ফাতেমা-তুজ-জিনিয়া বলেন, 'আমি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ক্ষমা চেয়ে কোনো আবেদন করিনি। আমি তো কোনো অপরাধ করিনি। আমি জানি, শিক্ষার্থীরাও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে যায়নি।'

এদিকে বহিস্কারাদেশ প্রত্যাহারের আগে গতকালও বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববির) শিক্ষার্থীরা মানববন্ধন করেন।

বরিশাল ব্যুরো জানায়, দুপুর সাড়ে ১২টার দিকে ববির মূল ফটকের সামনে এ মানববন্ধনে শিক্ষার্থীরা জিনিয়ার বহিস্কারাদেশ প্রত্যাহারের দাবির পাশাপাশি আলোকিত বাংলাদেশ পত্রিকার বিশ্ববিদ্যালয় প্রতিনিধি বশেমুরবিপ্রবির শিক্ষার্থী শামস জেবিনের ওপর হামলাকারীদের বিচারের দাবি জানান।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com